

নৌ-পরিবহন মন্ত্রণালয়  
 যখন ও বিতরণ শাখা  
 ডায়েরী নম্বর: ৬৪০৬  
 তারিখ: ২৫/০৫/০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
 বাজেট অনুবিভাগ-২,  
 বাজেট শাখা-১২

নং-অম/অবি/বা-১২/বিবিধ-৬৫/০৭(অংশ)/১০৪০

<input type="checkbox"/>	যুগ্ম-সচিব (প্রশাসন)
<input type="checkbox"/>	যুগ্ম-সচিব (আর্থিক)
<input checked="" type="checkbox"/>	যুগ্ম-প্রধান (পত্রিকাগার)
<input type="checkbox"/>	সচিবের প্রোগ্রাম সচিব

তারিখ: ০৮/০২/০৮  
 ২২/০৫/২০০৮

পরিপত্র


বিষয় : উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ প্রসংগে।

উদ্দেশ্যের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, জিডিপি'র শতকরা হারে অনুন্নয়ন ব্যয়ের পরিমাণ উন্নয়ন ব্যয়ের তুলনায় ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সাম্প্রতিক কালে অনুন্নয়ন ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে উন্নয়ন ব্যয়ের দ্বিগুণেরও বেশী। অনুন্নয়ন ব্যয় বৃদ্ধির এ ধারা অব্যাহত থাকলে অদূর ভবিষ্যতে উন্নয়ন কর্মসূচির জন্য প্রয়োজনীয় অর্থায়নে সমস্যা সৃষ্টি হতে পারে এবং ফলশ্রুতিতে দ্রুত পরিদ্র নিরসন ও উচ্চতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের নিমিত্ত মানব সম্পদ উন্নয়নসহ সামাজিক ও ভৌত অবকাঠামো উন্নয়নে সরকারের যে বিনিয়োগ দরকার তা বাধাগ্রস্ত হতে পারে।

২. অনুন্নয়ন ব্যয় ক্রমশঃ বৃদ্ধি পাওয়ার অন্যতম প্রধান কারণ উন্নয়ন প্রকল্পের পদ/জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর। কোর্স শ্রেণীর রাজস্ব বাজেটভুক্ত জনবল দ্বারাই উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্ভব হলেও উন্নয়ন প্রকল্পে নতুন জনবল নিয়োগ করা হলে প্রকল্প সমাপ্তির সাথে সাথে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ অবসানের কথা থাকলেও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের মধ্য রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রত্যাশা সৃষ্টি হয় এবং অনেকসময় অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হয়।

৩. উপর্যুক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ভবিষ্যতে বাস্তবায়িতব্য প্রকল্প সমাপ্তির পর রাজস্ব বাজেট উপর চাপ যাতে ন্যূনতম পর্যায়ে থাকে সে লক্ষ্যে এখন থেকে উন্নয়ন প্রকল্পসমূহ সম্ভাব্য সকল ক্ষেত্রে রাজস্ব বাজেটভুক্ত নিমিত্ত জনবল দ্বারা বাস্তবায়ন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

- ক) উন্নয়ন প্রকল্পে নতুন জনবল নিয়োগের পরিবর্তে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগ/অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের পদসমূহ পূরণ করতে হবে ;
- খ) উন্নয়ন প্রকল্পের কোন পদ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগ/ অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করা সম্ভব না হলে এ জাতীয় পদে সমধর্মী দপ্তর/সংস্থার রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগের ব্যবস্থা করা যেতে পারে ;
- গ) উন্নয়ন প্রকল্পের কোন পদে সরাসরি নিয়োগ আনশাক হলে কোন সংশ্লিষ্ট পদটি/পদসমূহ রাজস্ব বাজেটভুক্ত নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রেষণে নিয়োগ/অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করা সম্ভব নয় তার ব্যাখ্যা এবং সরাসরি নিয়োগের যৌক্তিকতা নতুন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভায় উপস্থাপনা করতে হবে ;
- ঘ) নতুন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি পদ সৃষ্টির প্রস্তাব বিস্তারিতভাবে পরীক্ষা করে প্রেষণে নিয়োগযোগ্য পদ এবং সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক পদ সৃষ্টির সুপারিশ প্রদান করবে।
- ৪। উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।
- ৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
 (মাহমুদউল হক-জুইয়া)  
 যুগ্ম-সচিব  
 ২২/০৫  
 ২০০৮

- বিতরণ :
- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
  - ২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
  - ৩। সচিব... মন্ত্রণালয়/বিভাগ
  - ৪। সভাপতি/সদস্য, নতুন প্রকল্পের জনবল নির্ধারণের জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৫

৩/৬

৩/৬


নং-নৌপম/পরি-৫/১/২০০২(অংশ-২)/৬৪

তারিখঃ-০১-০৬-২০০৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
- ০২। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, ৬ষ্ঠ তলা, কাওরান বাজার, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ৫ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
- ০৬। চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা বাগের হাট।
- ০৭। মহা-পরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৮। কমান্ডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ০৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, দক্ষিণ হালি শহর, চট্টগ্রাম।

  
(দীপাঙ্কিতা সাহা)  
সহকারী প্রধান  
ফোন : ৭১৬৯২২৪

অনুলিপি :

- ১। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান(পরি-১/২), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ২। যুগ্ম-প্রধান(পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ৩। উপ-প্রধান(পরিঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

৪৬৫০

০২/৬/০৮